গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-২ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩১.০০.০১১.২৬.৪৬

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

## শোক বার্তা

জনাব আবদুল্লাহ আল মাহমুদ ফারুক (৭৭৭৫), যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় গত ১৬ জানুয়ারি ২০২৬ তারিখে মানিকগঞ্জের মুন্নু মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বিকাল ০৪.২০ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব আবদুল্লাহ আল মাহমুদ ফারুক ৩১ ডিসেম্বর ১৯৬৭ তারিখে পাবনা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২৫ এপ্রিল ১৯৯৪ তারিখে ১৩তম বি.সি.এস (টেলিকম) ক্যাডারে যোগদান করেন এবং ০৫ জুন ২০২০ তারিখে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন।

০৩। মরহুম আবদুল্লাহ আল মাহমুদ ফারুক তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম আবদুল্লাহ আল মাহমুদ ফারুক এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

১৮/১/২৬

মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব